

শরৎ রানী  
আরতি দে

আকাশ জুড়ে মেঘের মায়া  
ক্ষণেক রোদ ক্ষণেক ছায়া  
বর্ষা বিদায়ের এই কি ইশারা?  
সুনীল আকাশ শান্ত চেহারা

এসেছে শরৎ দুয়ারে দাঁড়িয়ে  
শতদল শেফালির অর্ঘ্য সাজায়ে  
মধুপ ভ্রমরের গুঞ্জন ছড়ায়ে  
আনন্দের রেশ চারিদিক ভরায়ে

শরৎকাল অর্থে শারদীয়া  
আনন্দের বানে উজ্জ্বল হিয়া  
আকাশ বাতাসে আনন্দের ধ্বনি  
ধ্বনিত রনিত বারতা শুনি

দুর্গাপূজোর ঢাকের কাঠি  
জানায় শারদীয়ার আগমনী  
বহরপর আসছে ঘুরে  
মহিমায়ার পদধ্বনি  
বরণ ডালা সাজায়ে  
মঙ্গল দীপ জ্বালায়ে  
বরণের প্রতীক্ষায় শরৎ রানী।

সলট্ লেক  
কলকাতা ২০০২

